



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
পরিকল্পনা ও উন্নয়ন শাখা

বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ২০২২-২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ ৩১ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ, রবিবার
সভার সময় বিকাল ০৩:৩০ মিনিট।
স্থান ট্রাস্টের সম্মেলন কক্ষ (কক্ষ নং ২১৫)।
উপস্থিতি “ক”

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ট্রাস্টের সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাটি সঞ্চালনা করেন। তিনি ট্রাস্টের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা ২০২২-২৩ এ অন্তর্ভুক্ত প্রতিটি শাখার সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ সভাকে অবহিত করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

৩.০ সিদ্ধান্ত:

৩.১ ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি পুনর্গঠন এবং শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাজেট প্রণয়ন করতে হবে।

৩.২ জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ১.৩ অনুযায়ী ১ম ত্রৈমাসিকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের অংশগ্রহণে একটি সভা আয়োজন করা হবে।

৪.০ সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৪.০৬.০০১.১৮.১৭০

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৯
০৩ আগস্ট ২০২২

বিতরণ সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) পরিচালক , পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ২) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৪) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৫) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৬) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৭) প্রোগ্রামার , আইসিটি শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৮) সহকারী প্রোগ্রামার , আইসিটি শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক